



স্মারক নং ৩৮.০১.০০০০.৪০০.১২.০৩৬.২০১৮-২০৬

তারিখ: ৩০ কার্তিক ১৪২৭  
২৫ নভেম্বর ২০২০

বিষয়: সরকারি প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষকদের সম্মিলিত পূর্ণাঙ্গ জ্যেষ্ঠতা তালিকা প্রস্তুতকরণ।

- সূত্র:
- (১) সরকারি প্রাথমিক বিদ্যালয় শিক্ষক নিয়োগ বিধিমালা-২০১৯,
  - (২) অধিগ্রহণকৃত বেসরকারি প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষক (চাকুরীর শর্তাদি নির্ধারণ) বিধিমালা-২০১৩
  - (৩) নন ক্যাডার কর্মকর্তা ও কর্মচারী (জ্যেষ্ঠতা ও পদোন্নতি) বিধিমালা, ২০১১
  - (৪) প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের উন্নয়ন প্রকল্পে নিয়োগপ্রাপ্ত কর্মকর্তা/কর্মচারীদের রাজস্ব বাজেটের পদে নিয়মিতকরণ ও জ্যেষ্ঠতা নির্ধারণ বিধিমালা-২০০৫
  - (৫) মন্ত্রিপরিষদ বিভাগের স্মারক নং ০৪.০০.০০০০.১১১.০৪.১৫২.২০-৩৮
  - (৬) আপীল বিভাগের সিডিল আপীল নং ৪৬০/২০১৭ ও সিডিল রিভিউ পিটিশন নং ১৮১/২০১৮ এর রায়
  - (৭) প্রাশিঅ স্মারক নং ৩৮.০১.০০০০.৪০০.১২.০২১.২০১৭ (পার্ট-১)-১০২

তারিখ: ০৪/০৪/২০১৯  
তারিখ: ২৯/০৯/২০১৩  
তারিখ: ০৪/০৫/২০১১  
তারিখ: ২০/০৬/২০০৫  
তারিখ: ০৩/০৩/২০২০  
তারিখ: ০২/০৭/২০১৯  
তারিখ: ১০/০৯/২০২০

উপর্যুক্ত বিষয়ে সূত্রোক্ত বিধিমালা, স্মারক ও আদেশসমূহের প্রেক্ষিতে নিম্নরূপ কার্যধারা অনুসরণে সরকারি প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষকবৃন্দের সম্মিলিত পূর্ণাঙ্গ জ্যেষ্ঠতা তালিকা প্রস্তুত করতে হবে।

- (ক) বর্তমানে বলবৎ সরকারি প্রাথমিক বিদ্যালয় শিক্ষক নিয়োগ বিধিমালা, ২০১৯ অনুসরণ করতে হবে।
  - (খ) সরকারি প্রাথমিক বিদ্যালয় শিক্ষক নিয়োগ বিধিমালা ২০১৯ এর তপশিল [বিধি ২(গ)] অনুযায়ী প্রধান শিক্ষক পদে পদোন্নতির যোগ্যতা সহকারী শিক্ষক পদে প্রশিক্ষণসহ অন্যান্য ০৭(সাত) বৎরের চাকুরী। (সূত্র-১)
  - (গ) নন ক্যাডার কর্মকর্তা ও কর্মচারী (জ্যেষ্ঠতা ও পদোন্নতি) বিধিমালা, ২০১১ এর বিধি ৪ (১) (ক) অনুসারে পূর্ববর্তী উনুক্ত বিজ্ঞপ্তির মাধ্যমে কর্তৃপক্ষ কর্তৃক নিয়োগপ্রাপ্ত শিক্ষকবৃন্দ পরবর্তী উনুক্ত নিয়োগ বিজ্ঞপ্তির মাধ্যমে নিয়োগপ্রাপ্ত শিক্ষকবৃন্দের উপর জ্যেষ্ঠতা পাবেন। (সূত্র-৩)
  - (ঘ) উনুক্ত নিয়োগ বিজ্ঞপ্তির ভিত্তিতে পর্যায়ক্রমে একাধিক নিয়োগ আদেশ জারি হলে নন ক্যাডার কর্মকর্তা ও কর্মচারী (জ্যেষ্ঠতা ও পদোন্নতি) বিধিমালা, ২০১১ এর বিধি ৪ (১) (খ) এর মর্মার্থ অনুসারে মেধাতালিকা না থাকলে পূর্বে জারিকৃত আদেশে অর্ন্তভুক্ত শিক্ষকবৃন্দ পরে জারিকৃত আদেশের অর্ন্তভুক্ত শিক্ষকবৃন্দের তুলনায় জ্যেষ্ঠতা তালিকায় উপরে গণ্য হবেন। (সূত্র-৩)
  - (ঙ) একই নিয়োগ আদেশে নিয়োগপ্রাপ্ত শিক্ষকবৃন্দের মধ্যে মেধাতালিকা না থাকলে নন ক্যাডার কর্মকর্তা ও কর্মচারী (জ্যেষ্ঠতা ও পদোন্নতি) বিধিমালা, ২০১১ এর বিধি ৪ (১) (খ) অনুসারে তাদের পারস্পারিক জ্যেষ্ঠতা বয়সের জ্যেষ্ঠতার ভিত্তিতে নির্ধারিত হবে। (সূত্র-৩)
  - (চ) প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের উন্নয়ন প্রকল্পে নিয়োগপ্রাপ্ত শিক্ষকবৃন্দের রাজস্ব বাজেটের পদে নিয়মিতকরণ ও জ্যেষ্ঠতা নির্ধারণ বিধিমালা ২০০৫ এর অধীন নিয়মিতকৃত শিক্ষকবৃন্দের জ্যেষ্ঠতা উক্ত বিধিমালার বিধি ৬ (১) অনুসারে নিয়মিতকরণের তারিখ হতে গণনা করা হবে।
- ০২। জ্যেষ্ঠতা তালিকাসমূহ সূত্র-৭ এর নির্দেশনা অনুযায়ী ওয়েবসাইটে পৃথকভাবে প্রকাশ, আপত্তি গ্রহণ ও নিষ্পত্তি করে প্রতিবেদনসহ অধিদপ্তরে প্রেরণ করতে হবে।

  
(খালিদ আহম্মেদ)

যুগ্ম-সচিব  
পরিচালক (পলিসি ও অপারেশন)  
ফোন ৫৫০৭৪৯১৮  
ই-মেইল [dpeadbibba@gmail.com](mailto:dpeadbibba@gmail.com)

জেলা প্রাথমিক শিক্ষা অফিসার (সকল)

স্মারক নং ৩৮.০১.০০০০.৪০০.১২.০৩৬.২০১৮-

তারিখ: কার্তিক ১৪২৭  
নভেম্বর ২০২০

অবগতির জন্য অনুলিপি:

- ১। সচিব মহোদয়ের একান্ত সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। বিভাগীয় উপপরিচালক, প্রাথমিক শিক্ষা (সকল)।
- ৩। উপজেলা শিক্ষা অফিসার(সকল)।
- ৪। সংরক্ষিত নথি।